


টেলিভিশন সাংবাদিকতা বিষয়ক বুনিয়েদি প্রশিক্ষণ
মাসব্যাপী সার্টিফিকেট কোর্স



যোগাযোগের ঠিকানা:

বিসিডিজেসি

৬৫ ময়মনসিংহ লেন (৮ম তলা)

বাংলামটর, ঢাকা - ১০০০

ফোন: ৯৬৬৬৪০১

ওয়েব: www.bcdjc.com

বিসিডিজেসির পরিচিতি:

বাংলাদেশ সেন্টার ফর ডেভেলপমেন্ট, জার্গালিজম এন্ড কমিউনিকেশন (বিসিডিজেসি) একটি অমুনাফামুখী বেসরকারী প্রতিষ্ঠান। ১৯৯১ সাল থেকে উন্নয়ন, গণযোগাযোগ ও সাংবাদিকতার বিভিন্ন ক্ষেত্রে বিসিডিজেসি কাজ করে যাচ্ছে। একটি নিরাপদ গণতান্ত্রিক, সুখী, সমৃদ্ধ ও শান্তিময় বিশ্ব গড়ে তুলতে এবং ব্যক্তির মানবিক মর্যাদা প্রতিষ্ঠায় যোগাযোগ ও গণমাধ্যমের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বিসিডিজেসি শিক্ষা, গবেষণা, পর্যবেক্ষণ, প্রকাশনা ও পরামর্শ সেবার মাধ্যমে গণযোগাযোগ ও সাংবাদিকতার সকল সম্ভাবনার সম্ভব সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সে অগ্রযাত্রায় শরিক হতে অঙ্গীকারবদ্ধ। বিসিডিজেসি'র কার্যক্রম মানুষের মুক্তি, ক্ষমতায়ন, কল্যাণ ও সমৃদ্ধি অর্জনের নিরন্তর প্রচেষ্টায় নিবেদিত।

কোর্সের উদ্দেশ্য:

প্রযুক্তির উৎকর্ষতার সাথে সাথে পাল্লা দিয়ে বাড়ছে বাংলাদেশের টেলিভিশন সাংবাদিকতার পরিসর। বিটিভির পাশাপাশি ১৫ টি স্যাটেলাইট চ্যানেলের কাজ করছে। আরো প্রায় ৬/৭টি চ্যানেল অন এয়ারে আসার অপেক্ষায়। সব মিলিয়ে ক্রমবর্ধমান এ শিল্পের সুসম বিকাশের জন্য দক্ষ সংবাদকর্মীর চাদিহার পারদ ও উর্ধ্বমুখী। তবে বাস্তবতা হল এখন আমাদের দেশে বিশ্ববিদ্যালয় বলয়ের বাইরে সাংবাদিকতার জ্ঞান ও দক্ষতার উৎকর্ষ সাধনের সুযোগ সীমিত। গুটি কয়েক প্রতিষ্ঠান চেষ্টা চালালেও তা অতিমাত্রায় বাজারমুখী। এ অবস্থায় বিসিডিজেসি ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতার শিক্ষক ও টেলিভিশন সাংবাদিকতার সাথে দীর্ঘদিন জড়িতদের সমন্বয়ে এমন একটি প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজনের উদ্যোগ নিয়েছে যেখানে সাংবাদিকতা শাস্ত্র ও চর্চার মেলবন্ধন ঘটবে।

প্রশিক্ষকবৃন্দ:

মানসম্মত এ কোর্সটি পরিচালনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতার শিক্ষক, খ্যাতনামা টেলিভিশন সাংবাদিক ও উচ্চারণ বিশেষজ্ঞদের নিয়ে একটি রিসোর্স পুল গঠন করা হয়েছে, যেখানে আছেন-

১. সামিয়া রহমান, সহকারী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সাইফুল আলম চৌধুরী, প্রভাষক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. প্রভাষ আমিন, এডিটর, এটিএন নিউজ।
৪. খালেদ মুহিউদ্দীন, সিএনই, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন ও খন্ডকালীন শিক্ষক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. শাকিল আহমেদ, প্রধান বার্তা সম্পাদক, চ্যানেল ৭১।
৬. এস এম বাবু, বিশেষ প্রতিনিধি, এটিএন বাংলা।
৭. সুজন মেহেদী, সিনিয়র রিপোর্টার, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন।
৮. সাজ্জাদ হোসেন, খন্ডকালীন শিক্ষক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সিনিয়র ক্যামেরা পার্সন, সময় টেলিভিশন।

৯. সুলতানা রহমান, বিশেষ প্রতিনিধি, মাচরাঙা টেলিভিশন।
১০. কিশোরীয়া লাইলা, বিশেষ প্রতিনিধি, বৈশাখী টেলিভিশন।
১১. জান্নাতুল ফেরদৌসী, সিনিয়র রিপোর্টার, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন।
১২. কাজী মছিয়া, সিনিয়র নিউজ প্রেজেন্টার, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন।
১৩. ফাতেমা আমিন, নিউজ প্রেজেন্টার, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন।

কোর্সের লক্ষ্য:

- সংবাদমনস্ক সংবাদকর্মী তৈরি।
- হাতে কলমে আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের টেলিভিশন সাংবাদিকতায় দক্ষ ও আত্মবিশ্বাসী করে গড়ে তোলা।
- বিভিন্ন টেলিভিশন চ্যানেলে কর্মসংস্থানের বিষয়ে প্রশিক্ষার্থীদের পরামর্শ ও সহায়তা প্রদান।
- টেলিভিশন সাংবাদিকতার মৌল বিষয়ের পাশাপাশি বিভিন্ন তাত্ত্বিক ও কারিগরি ধারণা দান। প্রশিক্ষার্থীদের পরিচিত করে তোলা।
- পাঠদানের সাথে সাথে হাতে কলমে টেলিভিশন সাংবাদিকতা শিক্ষা।

কোর্সের বৈশিষ্ট্য:

- আধুনিক ও বাস্তবমুখী কোর্স মডিউল।
- সর্বাধুনিক ক্যামেরা ও এডিটিং প্যানেলের সুবিধা।
- কোর্স শেষে পরীক্ষা ও গ্রেড ভিত্তিক সনদ প্রদান।

আবেদনের যোগ্যতা:

টেলিভিশন সাংবাদিকতায় আগ্রহী সকলের জন্য এ কোর্সটি উন্মুক্ত। তবে আবেদনকারী ন্যূনতম এইচ.এচ.সি পাস হতে হবে। সাংবাদিকতায় অভিজ্ঞতার প্রয়োজন নেই।

কোর্স ফি:

আট হাজার পাঁচশত (৮,৫০০/-) টাকা মাত্র।

ভর্তির নিয়ম:

আগ্রহী শিক্ষার্থীদেরকে বিসিডিজেসির অফিস থেকে নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে ভর্তি হতে হবে। রেজিস্ট্রেশনের সময় আবেদনকারী ২ কপি ছবি ও কোর্স ফি জমা দিতে হবে।
যোগাযোগ করুন: ৬৪ সেন্ট্রাল রোড (নীচ তলা), ধানমন্ডি, ঢাকা ১২০৫। ফোন: ৮৬২০৫৩৯, অথবা ৬৫ ময়মনসিংহ লেন (৮ম তলা), বাংলামটর, ঢাকা। ফোন: ৯৬৬৬৪০১।